

# স্বাধীন মানুষ

কাইউম পারভেজ

সেদিন ছিলো রক্তিম আকাশ  
সোনালরা নতুন এক সকাল।  
অগ্রাহায়ণের চিনচিনে ঠান্ডায়ও  
কেমন এক উত্তপ্ত শরীর সবার।  
পাখিদের প্রভাতী গান শেষ প্রায়।  
পিপিলিকার সারির মত  
মানুষ সব ঘর ছেড়ে - বাইরে।  
গগণবিদারী এক আওয়াজ  
উত্তর দক্ষিণ পূর্ব পশ্চিম  
উর্ধ্ব অধঃ সর্বত্র।  
এমন আওয়াজ  
পাখিরা শোনেনি কখনো  
সমীরণ বজ্র সমুদ্র তরঙ্গ  
কেউ শোনেনি কখনো।  
জয় বাংলা..  
জয় বাংলা...  
জয় বাংলা।

এলএমজি এসএমজি  
৩০৩ রাইফেল হাতে  
কিশোর যুবা তরুণ  
বাবা কাকা মামা জোয়ান বৃদ্ধ  
যুদ্ধ শেষে ফিরছে ঘরে।  
না কোন "শিশু মুক্তিযোদ্ধা"  
ছিল না সেখানে  
শিশুকে যুদ্ধ করতে দেখেনি  
কেউ কোথাও।  
এখানে কোন শঠতা ছিলো না  
ছিলো না কোন বিভ্রান্তি আর মিথ্যা।  
দিবালোকের মত সত্য আমার বিজয়।  
মুক্তিযুদ্ধের বিজয়।  
সমস্বরে সর্বকণ্ঠে জয় বাংলার বিজয়।  
তিরিশ লক্ষ উৎসর্গিত প্রাণের বিজয়  
লক্ষ লক্ষ সন্ত্রমের বলিদানের বিজয়  
সাড়ে সাত কোটি মানুষের  
স্বাধীনতার বিজয়।  
পাঁচ দশকের বিজয়।  
অনন্তকালের বিজয়।

দাঁড়াও!  
একটুখানি দাঁড়াও।  
চোখটা বন্ধ করে হাতটা  
বুকের ওপরে ধরো।  
দেখো ওরা তোমার মধ্যেই আছে  
যাদের জন্য তুমি একজন  
স্বাধীন মানুষ।